সংবাদ

তারিখ: 25 FEB 2016
পৃষ্ঠা: ৪ কলাম: ৪

# ঢাবি হলে বহিরাগত উচ্ছেদ অভিযানে বাধার মুখে প্রভোস্ট

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্যার এএফ রহমান হলের বহিরাগতদের উচ্ছেদ করতে গিয়ে হলের আবাসিক ছাত্রদের বাধার মুখে পড়েছেন ওই হলের প্রভোস্ট। মঙ্গলবার রাতে হল প্রভোস্ট ড. আফতাব উদ্দিন পুলিশসহ হলের ৩০৫ নম্বর কক্ষে অভিযান চালালে এ ঘটনা ঘটে। এ সময় ছাত্ররা হলের সিসি ক্যামেরাসহ বেস কয়েকটি কক্ষ ভাঙচুর করে। অভিযুক্ত ওই কক্ষটি থেকে রাজনৈতিক আশ্রয়ে অবৈধভাবে থাকা শাহীন ও শফিউল নামের দুইজনকে পুলিশের হাতে সোপর্দ করেন। এদের একজন তিতুমীর কলেজের শিক্ষার্থী এবং অন্যজন মিরপুর বাংলা কলেজের শিক্ষার্থী। পরে পুলিশে সোপর্দ করা এ দুইজনের জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা থাকায় অভিভাবকদের অনুরোধে মুচলেকা নিয়ে তাদের ছেড়ে দেন অধ্যাপক আফতাব।

অধ্যাপক আফতাব জানান, অছাত্ররা হলে থাকবে আর আমাদের ছাত্ররা গণরুমে গাদাগাদি করে থাকবে এটা আমাদের হল প্রশাসনের আওতায় পড়ে না। এজন্যই আমি পদক্ষেপ নিয়ে হলে অবৈধভাবে থাকা বহিরাগতদের উচ্ছেদ করতে গিয়ে তাদের যারা আশ্রয় দিয়েছেন তাদের বাধার মুখে পড়ি। তিনি বলেন, জোবায়ের, উচ্ছল ও শোহানের নেতৃত্বে কিছু ছাত্র আমাকে বাধা দেয় ও হলে ভাঙচুর করে।

তবে ছাত্ররা অভিযোগ করেন, অনেকদিন থেকেই প্রভোস্ট আমাদের সাথে সব সময় খারাপ ব্যবহার করেন। পরিবার সম্পর্কে খারাপ মন্তব্য করেন। ছাত্রদের স্বধীনতায় হস্তক্ষেপ করেন। এজন্যই আমরা প্রভোস্টের বিরুদ্ধে বিক্ষোভ করেছি। এ বিষয়ে প্রভোস্ট আফতাব উদ্দিন বলেন, আমি আমার ছাত্রদের ভালো চাই। এজন্য নিয়ম মোতাবেক চলতে গিয়ে অনেক সময় ছাত্রদের ও আমার হলের কর্মকর্তা কর্মচারীদের সঙ্গে শক্ত ভাষায় কথা বলতে হয়। এটা অনেকের ভালো লাগে না বলেই আমার বিরুদ্ধে অপপ্রচার চালায়।